

তার তারিখ : ০২/০৯/২০২১ খ্রি:  
সময় : সকাল ১১ ঘটিকা।  
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।  
সভার আলোচ্য বিষয় : দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি।

ক্রমং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব চঞ্চলা মন্ডল	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (মহিলা)	সভাপতি
০২	জনাব নিতাই গাইন	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (পুরুষ)	সদস্য
০৩	জনাব মনোরঞ্জন মন্ডল	চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউ, পি	সদস্য
০৪	জনাব গোলাম হাসান শেখ	চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা, ইউ, পি	সদস্য
০৫	জনাব প্রিয়াংকা মিস্ত্রী	নারী নেত্রী	সদস্য
০৬	জনাব হাসি রাণী রায়	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতি মহোদয় সভার সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোনরূপ সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, উপজেলা কমিটির অনুমোদিত মাতৃ ভাতাভোগীদের ভাতা বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। নতুন ভাতাভোগী নির্বাচনের কাজ চলমান আছে।

২০১৯-২০ ভিজিডি চক্রের আগস্ট/২০২১ মাসের চাল বিতরণ কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়েছে। নতুন চক্রের ভিজিডি ভাতাভোগীদের যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে।

সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন ও পাচার প্রতিরোধে উঠান বৈঠক এবং অটিজম বিষয়ে সচেতনতামূলক সভা করোনা মহামারির জন্য স্বাস্থ্যবিধি মেনে স্বল্প পরিসরে করা হচ্ছে।

আইজিএ প্রকল্পের আওতায় প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। আইজিএ প্রশিক্ষণ কেন্দ্রের ভবনটি ঝুঁকিপূর্ণ। দেয়াল, মেঝেতে অসংখ্য ফাটল রয়েছে, টিন থেকে পানি পড়ে, বাথরুমের বেসিন এবং অন্যান্য সমস্যা রয়েছে। তাই এই ভবনটি সংস্কার করার কাজ চলমান আছে। মহিলা বিষয়ক কর্মকর্তা সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত :

- ১। আইজিএ প্রশিক্ষণ কেন্দ্রটি সংস্কার করার কাজ চলমান আছে।
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার দাপ্তরিক কার্যক্রমের গতিশীলতা ধরে রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। আইজিএ প্রকল্পের আওতায় প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং রাখার ব্যবস্থা রাখা।

  
চঞ্চলা মন্ডল  
ভাইস চেয়ারম্যান (মহিলা)  
ও  
সভাপতি  
উপজেলা নারী ও শিশু উন্নয়ন কমিটি  
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং : উমবিকক/বটি/খুল/ ১৫৬

তারিখ : ০২/০৯/২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, খুলনা-১।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।
- ৬। জনাব..... বটিয়াঘাটা, খুলনা।
- ৭। অফিস কপি।

  
হাসি রাণী রায়  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
ও  
সদস্য সচিব  
উপজেলা নারী ও শিশু উন্নয়ন কমিটি  
বটিয়াঘাটা, খুলনা।